

**2024/TDC (CBCS)/EVEN/SEM/
BNGHCC-602T(A/B)/412**

TDC (CBCS) Even Semester Exam., 2024

**BENGALI
(Honours)**

(6th Semester)

Course No. : BNGHCC-602T

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাঠ্যসূচী সংখ্যা পূর্ণমান নির্দেশক

*Candidate have to answer either for
Option—A or Option—B*

OPTION—A

Course No. : BNGHCC-602T (A)

(সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)

UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

(ক) এরিস্টটলের জন্ম কোথায় হয়েছিল? তাঁর গুরু নাম
কী?

(2)

(ক) এরিস্টটল 'পোয়েটিক্স' গ্রন্থের কত সংখ্যক অধ্যায়ে মহাকাব্য ও ট্রাজেডির তুলনামূলক আলোচনা বিধৃত করেছেন? একটি ট্রাজেডি নাটকের উদাহরণ দাও।

(গ) ট্রাজেডির নায়কের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ট্রাজেডিতে কাহিনির গুরুত্ব সম্পর্কে বিশদ আলোচনা করো।

(খ) ট্রাজেডির সংজ্ঞাটি বিশ্লেষণের সূত্রে ট্রাজেডির শিল্পরূপের পরিচয় দাও।

UNIT—II

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) রোম্যান্টিসিজমের সংজ্ঞা লেখো।

(খ) ক্লাসিসিজমের দুটি বৈশিষ্ট্য লেখো।

(গ) ক্লাসিসিজমের সঙ্গে যুক্ত দুজন সাহিত্যিকের নাম লেখো।

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) রোম্যান্টিসিজমের উদ্ভব ও তার লক্ষণসমূহ আলোচনা করো।

(খ) ক্লাসিসিজমের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(3)

UNIT—III

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) আধুনিকতাবাদের দুটি বৈশিষ্ট্য লেখো।

(খ) নারীচেতনাবাদের যে কোনো দুজন তাত্ত্বিকের নাম লেখো।

(গ) ভার্জিনিয়া উল্ফ কোন্ দেশের সাহিত্যিক? তাঁর রচিত যে কোনো একটি গ্রন্থের নাম লেখো।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) আধুনিকতাবাদ তত্ত্বের প্রধান লক্ষণগুলি উল্লেখ করে এর তাত্ত্বিক বিশ্লেষণ করো।

(খ) 'নব ভাবনায় লালিত যুক্তিবাদী চেতনার সূত্রেই শুরু হয়েছিল সমাজে নারীর অবস্থান ও পরিসর সম্বন্ধে প্রক্রিয়া, পিতৃতান্ত্রিক একাধিপত্যের প্রতি এটাই ছিল প্রধানতম প্রত্যাহান।' এই মন্তব্যের আলোকে নারীচেতনাবাদতত্ত্বের স্বরূপ বিশ্লেষণ করো।

UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) "সেই উষালোকে কেবল একটি ভোরের পাখি সুমিষ্ট সুন্দর সুরে গান ধরিয়েছিল। সে সুর তাহার নিজের।" রবীন্দ্রনাথ তাঁর 'আধুনিক সাহিত্য' গ্রন্থে কবি বিহারীলালকে 'ভোরের পাখি' বলেছেন কেন?

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের সাহিত্য-বিষয়ক দুটি প্রবন্ধ-গ্রন্থের নাম লেখো।

(গ) 'পাল্যামো' গ্রন্থটি কার রচিত? এটি কী ধরনের গ্রন্থ?

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

(ক) “একদিন আমাদের বঙ্গভাষা কেবল একতারা যন্ত্রের মতো একতারে বাঁধা ছিল, কেবল সহজ সুরে ধর্মসংকীর্তন করিবার উপযোগী ছিল; বঙ্কিম স্বহস্তে তাহাতে এক একটি করিয়া তার চড়াইয়া আজ তাহাকে বীণায়ন্ত্রে পরিণত করিয়া তুলিয়াছেন।” রবীন্দ্রনাথের অনুসরণে বাংলা সাহিত্যে বঙ্কিমচন্দ্রের অবদান সম্পর্কে সংক্ষেপে লেখো।

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘রাজসিংহ’ প্রবন্ধ অনুসরণে বাংলা সাহিত্যের উপন্যাসের বিকাশের ধারায় এর মূল্যায়ন করো।

UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

(ক) ‘ছোট্ট রামায়ণ’ গ্রন্থটি কার লেখা? বুদ্ধদেব বসুর কোন প্রবন্ধে এই নামটি উল্লিখিত হয়েছে?

(খ) শিশুসাহিত্য-বিষয়ক দুটি পত্রিকার নাম লেখো।

(গ) ‘কল্লোল’ গোষ্ঠীর দুজন কবির নাম লেখো।

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

(ক) “মাইকেলের মহিমা বাংলা সাহিত্যের প্রসিদ্ধতম কবিত্বদ্বিতী।” বুদ্ধদেব বসুর ‘মাইকেল’ প্রবন্ধ অনুসরণে এই উক্তিটির তাৎপর্য নিজের ভাষায় বিশ্লেষণ করো।

(খ) ‘রবীন্দ্রনাথ ও উত্তরসাধক’ প্রবন্ধ অনুসরণে মূল বক্তব্য বিশ্লেষণ করো।

OPTION—B

Course No. : BNGHCC-602T (B)

[পূর্বোত্তর ভারতের বাংলা কথাসাহিত্য (বিশেষপত্র)]

UNIT—I

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

(ক) ‘ঈশানের পূজ্যমেঘ’ কাব্য-সংকলনটির সম্পাদকদ্বয়ের নাম লেখো।

(খ) অশোকবিজয় রাহা বরাক উপত্যকার কোন মহাবিদ্যালয়ে অধ্যাপনা করতেন? তাঁর রচিত একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(গ) শক্তিপদ ব্রহ্মচারী রচিত যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

(ক) ‘জন্মভূমি, তোমাকে ভুলি না’ কবিতায় ‘শৈশবের সবুজ শহর’ সম্পর্কে কবির যে মুগ্ধতা এবং চিত্তরূপ সৃজনে অনায়াস দক্ষতা প্রকাশিত হয়েছে, সে বিষয়ে আলোকপাত করো।

(খ) “কবি শক্তিপদ ব্রহ্মচারীর কাব্যভূবনে এক উদাসী বাউল আনমনে গান গেয়ে ওঠে।” এই মন্তব্যের আলোকে কবি শক্তিপদ ব্রহ্মচারীর ‘যখন ব্যক্তিগত কারণে চিন্তাগ্রস্ত’ কবিতাটি আলোচনা করো।

UNIT—II

২×২=৪

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) বিমল সিংহের 'লংতরাই' উপন্যাসটি কবে, কোন্ প্রকাশন সংস্থা থেকে প্রথম প্রকাশিত হয়?
- (খ) 'লংতরাই' উপন্যাসে বর্ণিত রিয়াং আদিবাসীরা কোথায় বসবাস করেন? সাজেরুঙ-এর প্রেমিকের নাম কী?
- (গ) 'গাইরিঙ' এবং 'আয়ুংমাই' কী?

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

- (ক) 'লংতরাই' উপন্যাসে রিয়াং আদিবাসী জনগোষ্ঠীর সামাজিক জীবন-রীতিনীতি-বিশ্বাসের যে বর্ণনা ফুটে উঠেছে তার আলোচনা করো।
- (খ) 'লংতরাই' উপন্যাসে শ্রেণিশোষণের যে চিত্র ধরা পড়েছে তার বিবরণ দাও।

UNIT—III

২×২=৪

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) 'বরাকের গল্পসংগ্রহ' মোট কটি খণ্ডে বিভক্ত? তোমাদের পাঠ্য কোন খণ্ড?
- (খ) 'বদ্বিনী কথা' গল্পটি রণবীর পুরকায়স্থর কোন গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত? রণবীর রচিত উপন্যাসটির নাম লেখো।
- (গ) 'ইত্বরবানু ও মাসমিডিয়া' গল্পের লেখকের নাম লেখো। লেখকের যে কোনো আরেকটি গল্পের নাম লেখো।

(Continued)

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

- (ক) 'মানুষ' গল্পে দারিদ্র্যের যে মর্যাদাসিক ছবি প্রকাশিত হয়েছে সে সম্পর্কে একটি প্রতিবেদন প্রস্তুত করো।
- (খ) 'একটি মৃত্যু এবং তারপর' গল্পের শিল্পরস সৃষ্টির কৌশল আলোচনা করো।

UNIT—IV

৭। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

- (ক) কলকাতার কোন্ নাট্যদল 'গুণধরের অসুখ' নাটকটির সফল মঞ্চায়ন করেছে? নাটকটি প্রথম কবে প্রকাশিত হয়?
- (খ) গুণধরের বাবার দোকানের নাম কী ছিল? দোকানের যে কোনো দুটি পণ্যের নাম লেখো।
- (গ) নাট্যকার প্রদ্যোত চক্রবর্তী অনুসারে গুণধরের সাজপোষাকের বর্ণনা দাও।

৮। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

- (ক) 'গুণধরের অসুখ' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।
- (খ) 'গুণধরের অসুখ' নাটকের উজ্জ্বল চরিত্রটি বিশ্লেষণ করো।

UNIT—V

৯। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

- (ক) সুজিৎ চৌধুরী কবে, কোথায় জন্মগ্রহণ করেন ?
- (খ) ‘হারানো দিন হারানো মানুষ’ স্মৃতিকথাটি গ্রন্থাকারে কবে প্রথম প্রকাশিত হয়? কোন্ পত্রিকায় এই স্মৃতিকথা ধারাবাহিক কলাম হিসেবে প্রকাশিত হতো ?
- (গ) সুজিৎ চৌধুরীর প্রাথমিক শিক্ষা কোন্ স্কুলে হয় ? স্কুলটি কোথায় অবস্থিত ?

১০। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

- (ক) ‘হারানো দিন হারানো মানুষ’ গ্রন্থানুসারে সুজিৎ চৌধুরীর বাল্যজীবন বর্ণনা করো ।
- (খ) সুজিৎ চৌধুরীর পিতার পড়াশোনা, বিবাহ এবং রাজনৈতিক জীবনের সংক্ষিপ্ত পরিচয় দাও ।
